তারিখ ... 2000
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক জনকণ্ঠ

# এসএসসি ॥ ঢাকা বোর্ডের গণিত প্রশ্নপত্র ফাঁস ?

**শেরপুর, ১ মার্চ (নিজস্ব সংবাদদাতা)** ॥ এসএসসি পরীক্ষা শুরুর আগেই শেরপুরে সাধারণ গণিত পরীক্ষার

(১১-পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## এসএসসি ॥ ঢাকা

(প্রথম পাতার পর)

প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে বলে আশঙ্কা করা হচ্ছে। ফলে শেরপুরের পরীক্ষার্থী এবং অভিভাবকদের মাঝে উৎকণ্ঠার সৃষ্টি হয়েছে। বোর্ডের সরবরাহকৃত সিল গালা করা স্টীলের ট্রাঙ্কে রক্ষিত গণিত পরীক্ষার প্রশ্নপত্রের বান্ডেল কাটা পাওয়া গেছে। কর্মকর্তারা আশঙ্কা করছেন, সেখান থেকে প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে। বিষয়টি তাৎক্ষণিকভাবে বোর্ড কর্তৃপক্ষকে জানানো হয়েছে বলে জানা গেছে। তবে ঘটনা রহস্যাবৃতই রয়ে গেছে। সূত্র জানায়, ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র গত ১৪ ফেব্রুয়ারি শেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে পৌঁছে। ২২ ফেব্রুয়ারি শ্রীবরদী থানায় প্রশ্নপত্রসহ সিল গালা করা স্টীলের ৮টি ট্রাঙ্ক নিয়ে যাওয়া হয়। গত ২৮ ফেব্রুয়ারি শ্রীবরদীর কেন্দ্র সচিব একেএম মনিরুজ্জামান, হল সুপার খন্দকার মাযহারুল হক, থানা সমাজ সেবা কর্মকর্তা মোঃ কাজিমউদ্দিন স্থানীয় টিএনও'র নির্দেশে থানার মালখানায় রক্ষিত প্রশ্নপত্রের ট্রাঙ্কগুলোর সিল গালা খুলে প্রশ্নপত্র যাচাই-বাছাই করেন। কর্মকর্তারা এ সময় সাধারণ গণিত আবশ্যিক বিষয় যার ক্রমিক নং-০০৯ এবং বিষয়ের কোড নং -১০৯-এর ৫শ' করে দু'টি ক সেটের মধ্যে একটির প্যাকেটের একদিকে পুরো কাটা দেখতে পান। প্রশ্নপত্রের বান্ডেলটির নেটসহ কাটা ছিল। কর্মকর্তাদের সন্দেহ, সেখান থেকে দু/একটি প্রশ্নপত্র হয়ত বের করা হয়েছে। শ্রীবরদী থানার টিএনও খবর পেয়ে থানার মালখানায় গিয়ে দেখে বিষয়টি শেরপুরের জেলা প্রশাসককে অবহিত করেছেন বলে জানিয়েছেন। এ ব্যাপারে থানায় একটি জিডি করা হয়েছে, নং-১০৮০ তাং ২৮/২/২০০০ ইং।